দৈনিক বাংলা

তারিখ ... 28 ... 10 ... 85 ...
পৃষ্ঠা ... ... 1 ... 1 ...

0 017

# ভার্সিটির পরীক্ষায় হাঙ্গামা ও বোমাবাজি

(স্টাফ রিপোর্টার)

গোলযোগ ও হাঙ্গামার কারণে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স (সনাতন) ও এম এ (সনাতন) পরীক্ষা অনুষ্ঠিত হতে পারেনি। রাজধানীর ছয়টি কলেজের ছাত্রছাত্রীদের অনার্স ও এমএ (সনাতন) পরীক্ষা এই প্রথমবারের মতো ঢাকা বিশ্ববিদ্যালয়ে নেয়া হচ্ছে। অনার্স পরীক্ষা ১৯৮৩ এবং এমএ পরীক্ষা ৮২ সালের।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সনাতন অনার্স ও এমএ পরীক্ষার কেন্দ্র কার্জন হল থেকে কলাভবনে স্থানান্তর ২৭শে অক্টোবর থেকে ৩১শে অক্টোবর পর্যন্ত

শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ

## বোমাবাজি

(১ম পৃঃ পর)

কলাভবনের সব ক্লাশ ও ইনকোর্স পরীক্ষা বন্ধ ঘোষণা করেছেন।

পাঁচটি কলেজের ১৯ জন ছাত্র এক বিজ্ঞপ্তিতে জানান: গতকাল পরীক্ষার খাতা ও প্রশ্নপত্র বিলির সময়ে জনৈক পরীক্ষার্থীর সঙ্গে একজন ইনভিজিলেটরের সামান্য কথা কাটাকাটির পর তিনি হলে পুলিশ ডেকে নিয়ে আসেন। পরীক্ষার্থীরা এর প্রতিবাদ করে এবং পুলিশী তৎপরতা বন্ধ করা না হলে তারা পরীক্ষা দিতে অস্বীকৃতি জানায়। কিন্তু তাদের দাবী না মানায় তারা পরীক্ষার হল ত্যাগ করে। এই সময় কয়েকজন হকিস্টিক, লাঠি ও রড নিয়ে তাদের ওপর হামলা করে এবং মূল্যবান জিনিসপত্র ছিনিয়ে নেয় বলে তারা অভিযোগ করেছেন।

হামলায় পাঁচজন পরীক্ষার্থী আহত হয় বলে তারা জানান। ১৯ জন ছাত্র গতকালের ঘটনার তদন্ত, দোষী ব্যক্তিদের শাস্তি দান এবং পরীক্ষা কেন্দ্রে তাদের নিরাপত্তা নিশ্চিত করার দাবী জানান।

অপরদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি দায়িত্বশীল সূত্র জানান: গতকাল পরীক্ষা শুরুর আগে কয়েকজন উচ্ছৃংখল যুবক কার্জন হলে ঢুকে চেয়ার-টেবিল ও খাতাপত্রে পেট্রোল ঢেলে আগুন ধরিয়ে দেয়। দু থেকে আড়াইশ খাতা পোড়ানো হয়েছে। ঘটনাস্থলে বোমাবাজিও করা হয়। এ ঘটনা কলাভবন পরীক্ষার হলেও ছড়িয়ে পড়ে।

সেসব উচ্ছৃংখল যুবকের সমর্থনে কলাভবনের হলের ভেতরের পরীক্ষার্থীরা চেয়ার-টেবিল ছোড়াছুড়ি করে। কলাভবনের বিভিন্ন কক্ষের কাঁচ, ফ্যান, চেয়ার, টেবিল এবং নোটিশ বোর্ডের ক্ষতিসাধন করা হয়। প্রায় দু থেকে আড়াই লাখ টাকার সম্পদ এতে নষ্ট হয়েছে।

সূত্রটি জানান, গতকাল রসায়ন পরিসংখ্যান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, ব্যবস্থাপনা এবং পুষ্টি বিষয়ক প্রাণ রসায়ন বিভাগের অনার্স ও এমএ পরীক্ষা হওয়ার কথা ছিল। রাজধানীর ছয়টি কলেজ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা কলেজ, ইডেন কলেজ, বদরুন্নেসা কলেজ তিতুমীর কলেজ এবং হোম ইকনমিক্স কলেজের অনার্স ও এমএ পরীক্ষা এই প্রথমবারের মত ঢাকা বিশ্ববিদ্যালয়ে নেয়া হচ্ছে।

পিপি